

ভর্তি বিজ্ঞপ্তি

নং-৩৪.০১.৪৭০০.০০৬.৩৮.০০৪.২২.১৭০

তারিখ : ১২/১১/২০২৩ খ্রিঃ

সূত্র নং-৩৪.০১.০০০০.০২৭.০৬৭ (অংশ-২).১৫-৫০৪

তারিখ : ০১/০৮/২০২৩ খ্রিঃ

বেকার যুব/যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর আওতাধীন যুব প্রশিক্ষণ কেন্দ্র খুলনা কর্তৃক নিম্নলিখিত আবাসিক প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে বেকার যুব / যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :-

ক্রং	কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাতকারের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি	৮ম শ্রেণি পাশ	তিন মাস (আবাসিক) (০১ ডিসেম্বর/২০২৩ – ২৯ ফেব্রুয়ারী ২০২৪)	৬০	২৮/১১/২০২৩	২৯/১১/২০২৩	৩০/১১/২০২৩

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- ভর্তি ইচ্ছুক প্রার্থীকে অবশ্যই ১৮-৩৫ বছরের বেকার যুব/যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে।
- অনলাইন আবেদন প্রিন্ট কপির সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র (গ) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (রসিন) আবেদনের সাথে জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্র সমূহ সঙ্গে আনতে হবে।
- ভর্তির জন্য নির্ধারিত ওয়েব সাইটে (dyd.nise.gov.bd) আবেদন করতে হবে। উল্লেখ্য এ কার্যালয়ের ওয়েবসাইট ytc.khulna.gov.bd এর নোটিশ বোর্ডে বিস্তারিত জানা যাবে।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষিত। তবে কোটা পূরণ না হলে সাধারণ প্রার্থীদের ভর্তির সুযোগ আছে।
- সাক্ষাতকারের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে এবং প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ভর্তির সময় ভর্তি ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/- (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও E-mail ID আবশ্যিকভাবে দিতে হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে যুব উন্নয়ন অধিদপ্তরের নির্ধারিত ফরমে স্বহস্তে- (১) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজী) (২) পিতা নাম (বাংলা ও ইংরেজী) (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (৪) জন্ম তারিখ (৫) বয়স (বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স) (৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেভার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগের নম্বর (১৪) ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যৎ পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে এজন্য ভর্তির সময় উল্লিখিত তথ্যাদির প্রমাণক সঙ্গে আনতে হবে।
- কোর্সটি আবাসিক বিষয় হোস্টেলে বসবাস করার জন্য নিজেদের নিত্য ব্যবহার্য দ্রব্যাদি সঙ্গে আনতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রতিদিন ৩ বেলা (সকাল, দুপুর, রাত) খাবারের জন্য ১৫০/ টাকা হারে সরকারী বরাদ্দ রয়েছে।

স্বাক্ষর :
(মোঃ মোস্তাক উদ্দীন)
উপ-পরিচালক
ফোন-০২-৪৪১১০৯৪৭
তারিখ : ১২/১১/২০২৩ খ্রিঃ

নং-৩৪.০১.৪৭০০.০০৬.৩৮.০০৪.২২.১৭০.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- পরিচালক (প্রশাসন / অর্থ/ প্রশিক্ষণ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- জেলা প্রশাসক, খুলনা
- আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার/বিটিভি, খুলনা।
- উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), খুলনা।
- থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল), খুলনা। আপনাকে ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক কোটা ও নির্ধারিত সময় অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচন করে যথাসময়ে জেলা কার্যালয়ে পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো।
- চেয়ারম্যান ইউ পি, উপজেলা, খুলনা।
- সভাপতি/সাধারণ সম্পাদক (যুব সংগঠন), খুলনা।
- অফিস কপি/নোটিশ বোর্ড।

(এইচ. এম. নূরুজ্জামান)
ডেপুটি কো-অর্ডিনেটর